


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শক এর কার্যালয়
কিশোরগঞ্জ
www.dife.gov.bd

নং-৪০.০১.৪৮০০.০০০.০৫.০০২.১৯-১৩৩৭

তারিখঃ ২০-১১-২০২৪ খ্রিঃ

বিষয়ঃ SDG ইন্ডিকেটর ৮.৮.১ বিষয়ক সভা আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৪-১১-২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় অত্র কার্যালয়ের সভা কক্ষে SDG ইন্ডিকেটর ৮.৮.১ বিষয়ক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় অত্র কার্যালয়ের সকল পরিদর্শক এবং অধিক্ষেত্রাধীন কারখানা/প্রতিষ্ঠানসমূহের মালিক এবং শ্রমিক প্রতিনিধিদের নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


২০/১১/২৪

সৈয়দা সায়মা বেগম

উপমহাপরিদর্শক

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
কিশোরগঞ্জ

বিতরণঃ

.....
.....
.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর,
উপমহাপরিদর্শকের কার্যালয়
কিশোরগঞ্জ
www.dife.gov.bd

বিষয়ঃ কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের SDG ইন্ডিকেটর ৮.৮.১ বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সৈয়দা সায়মা বেগম, উপমহাপরিদর্শক (চলতি দায়িত্ব)
তারিখ : ২৪-১১-২০২৪ খ্রিঃ
সভার সময় : বেলা ১১.০০ ঘটিকা
প্রধান উপস্থাপক : জনাব মোঃ আব্দুল কাদের ভূঞা, শ্রম পরিদর্শক (সাধারণ)


(উপস্থিত সদস্যদের তালিকা সংযুক্ত)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে SDG ইন্ডিকেটর ৮.৮.১ বিষয়ক সভার কার্যক্রম শুরু করেন। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এর ইন্ডিকেটর ৮.৮.১ বাস্তবায়ন বিষয়ে সকল পরিদর্শকের দৃষ্টি আকর্ষণ করা হয়। লিঙ্গ ও অভিবাসনগত অবস্থাভেদে পেশাগত কাজে মারাত্মক ও মারাত্মক নয় এমন আহত হবার ঘটনার হার কমিয়ে আনার লক্ষ্যে সকলকে মতামত প্রদানের আহবান জানানো হয়। পরবর্তীতে দায়িত্বপ্রাপ্ত উপস্থাপক উক্ত বিষয়ে আলোচনা করেন এবং অত্র কার্যালয়ের অধীক্ষেত্রাধীন কারখানা/প্রতিষ্ঠান সমূহের মালিক এবং শ্রমিক প্রতিনিধিদের উক্ত আলোচনায় অংশগ্রহণ করে সংশ্লিষ্ট বিষয়ে তাদের মতামত ব্যক্ত করেন। আলোচনা সাপেক্ষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	SDG এর ইন্ডিকেটর ৮.৮.১	লিঙ্গ ও অভিবাসনগত অবস্থাভেদে পেশাগত কাজে মারাত্মক ও মারাত্মক নয় এমন আহত হবার গঠনা কমিয়ে আনা হবে।	পরিদর্শকগণ ও মালিক কর্তৃপক্ষবৃন্দ
০২	অগ্নি নির্বাপন ও মহড়া	কারখানায় প্রতি ০৬ (ছয়) মাসে অন্তত একবার অগ্নিনির্বাপন ও দুর্ঘটনা মহড়ার আয়োজন করতে হবে এবং তা রেকর্ড রেজিস্টারে সংরক্ষণ করতে হবে। উক্ত মহড়ার সময় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর পরিদর্শকের উপস্থিতি নিশ্চিত করতে হবে।	কারখানা কর্তৃপক্ষ

পরিশেষে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এর ইন্ডিকেটর ৮.৮.১ বাস্তবায়ন গুরুত্বপূর্ণ মতামত প্রদান করার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অত্র কার্যালয়ের ওয়েবসাইটের SDG কর্ণারে প্রয়োজনীয় তথ্য উপাত্তের মাধ্যমে নিয়মিত হালনাগাদ করার কথা বলা হয়।

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


২৪/১১/২৪

সৈয়দা সায়মা বেগম

উপমহাপরিদর্শক (চলতি দায়িত্ব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
কিশোরগঞ্জ


নং-৪০.০১.৪৮০০.০০০.০৫.০০২.১৯-১৩৪৪

তারিখঃ ২৪-১১-২০২৪ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

১। জনাব.....

২। অফিস কপি


২৪/১১/২৪

সৈয়দা সায়মা বেগম

উপমহাপরিদর্শক (চলতি দায়িত্ব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
কিশোরগঞ্জ